

এম. আই. সিমেন্টের ১০% নগদ লভ্যাংশ অনুমোদন

পুঁজিবাজারে তালিকাভুক্ত এম. আই. সিমেন্ট ফ্যাক্টরী লিমিটেড (ক্রাউন সিমেন্ট) এর শেয়ারহোল্ডারগণ কোম্পানির পরিচালনা পর্ষদ ঘোষিত ১০ শতাংশ নগদ লভ্যাংশ অনুমোদন করেছেন। আজ (২৯ ডিসেম্বর ২০২০) মঙ্গলবার সকাল ১১ঃ০০ টায় ডিজিটাল প্ল্যাটফর্মে অনুষ্ঠিত ২৬তম বার্ষিক সাধারণ সভায় (এজিএম) তা অনুমোদন করা হয়।

এজিএমে সভাপতিত্ব করেন এম. আই. সিমেন্টের চেয়ারম্যান মোহাম্মদ জাহাঙ্গীর আলম। এতে শেয়ারহোল্ডারগণ ৩০ জুন ২০২০ তারিখে সমাপ্ত বছরের আর্থিক বিবরণী, নিরীক্ষক ও পরিচালকমণ্ডলীর প্রতিবেদন, কোম্পানীর আর্টিক্যালস্ অব অ্যাসোসিয়েশনের সংশ্লিষ্ট ধারা অনুযায়ী পরিচালকবৃন্দের পুনঃ নিয়োগ এবং ৩০ জুন ২০২১ তারিখে সমাপ্তব্য বছরের জন্য বহিঃনিরীক্ষক ও কর্পোরেট গভর্ন্যান্স নিরীক্ষক নিয়োগ এবং তাদের পারিশ্রমিক নির্ধারণও অনুমোদিত হয়। এছাড়াও এম. আই. সিমেন্ট ফ্যাক্টরি লিমিটেড এর সম্পূর্ণ মালিকানাধীন তিনটি সাবসিডিয়ারি কোম্পানি বন্ধ করার প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

সভায় ক্রাউন সিমেন্টের ভাইস চেয়ারম্যান মোঃ আলমগীর কবির, ব্যবস্থাপনা পরিচালক মোল্লা মোহাম্মদ মজনু, অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক মোঃ মিজানুর রহমান মোল্লা, পরিচালক আলমাস শিমুল, স্বতন্ত্র পরিচালকদ্বয় জাকির আহমেদ খান ও প্রফেসর ডঃ এম. আবু ইউসুফ, প্রধান উপদেষ্টা মাসুদ খান, এফসিএ, এফসিএমএ এবং প্রধান নির্বাহী কর্মকর্তা মোঃ মোক্তার হোসেন তালুকদার, এফসিএ উপস্থিত ছিলেন। এসময় আরও উপস্থিত ছিলেন উদ্যোক্তাবৃন্দ মোঃ আশরাফুজ্জামান ও মোঃ আব্দুল আহাদ, এবং চীফ ফাইন্যান্সিয়াল অফিসার (কারেন্ট চার্জ) মোঃ আব্দুল কাইয়ুম, এফসিএমএ। এম. আই. সিমেন্টের জ্যেষ্ঠ মহাব্যবস্থাপক ও কোম্পানী সচিব মোঃ মজহারুল ইসলাম, এফসিএস সভা পরিচালনা করেন।



M. I. Cement approves 10 percent Cash Dividend

M. I. Cement Factory Ltd., which is popularly known as Crown Cement, has approved 10 percent cash dividend for its shareholders for the year ended June 30, 2020.

The approval came at the 26th Annual General Meeting (AGM) of the company held through digital platform on December 29, 2020.

The financial statements for 2019-2020 and auditors' report thereon, report of the board of directors; re-election of directors in terms of the relevant provisions of the Articles of Association of the company, appointment of statutory auditors and the corporate governance compliance auditors for the year ending June 30, 2021 as well as fixation of their remuneration were approved in the AGM. The proposal of winding up of the 3 fully owned subsidiary companies of M. I. Cement Factory Ltd. was also approved in the AGM.

Mohammed Jahangir Alam, Chairman of M. I. Cement, presided over the AGM, also attended by Vice-chairman Md. Alamgir Kabir, Managing Director Mollah Mohammad Majnu, Additional Managing Director Md. Mizanur Rahman Mollah, Director Md. Almas Shimul, Independent Directors Zakir Ahmed Khan and Prof. Dr. M. Abu Eusuf, Chief Adviser to the Board Masud Khan, FCA, FCMA and Chief Executive Officer Md. Mukter Hossain Talukder, FCA.

Sponsor Shareholders Md. Ashrafuzzaman and Md. Abdul Ahad, and Chief Financial Officer (Current Charge) Md. Abdul Kayum, FCMA and other high officials of the Company were present in the meeting, conducted by Md. Mozharul Islam, FCS, Sr. General Manager & Company Secretary.